গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিবেশ অধিদপ্তর
লালমনিরহাট জেলা কার্যালয়
বাসা নং-১৯, রোড নং-০৫, স্টেডিয়াম রোড,
খোদ্দসাপটানা, সদর, লালমনিরহাট।
www.doe.lalmonirhat.gov.bd

# প্রেস বিজ্ঞপ্তি

অদ্য ১৪/০৬/২০২৬ খ্রি.তারিখে পরিবেশ অধিদপ্তর, লালমনিরহাট জেলা কার্যালয় এবং জেলা প্রশাসন, লালমনিরহাটের যৌথ উদ্যোগে লালমনিরহাট জেলার সদর উপজেলার মিশনমোড় এলাকায় নির্মাণ সামগ্রী (বালি) রাস্তায় ও ফুটপাতে ফেলে রেখে বায়ুদূষণ (নিয়ন্ত্রণ) বিধিমালা, ২০২২ এর ১১(ঙ) বিধি লঙ্ঘনের অপরাধে একজন ব্যক্তিকে ০১(এক) টি মামলায় ১০,০০০/- (দশ হাজার) টাকা জরিমানাপূর্বক নগদ আদায় করা হয়। ভ্রাম্যমাণ আদালত পরিচালনা করেন লালমনিরহাট জেলা প্রশাসনের বিজ্ঞ নির্বাহী ম্যাজিস্ট্রেট জনাব মোঃ আল-আমিন। উক্ত ভ্রাম্যমান আদালতে প্রসিকিউশন প্রদান করেন পরিবেশ অধিদপ্তর, লালমনিরহাট জেলা কার্যালয়ের সহকারী পরিচালক জনাব বিজন কুমার রায়। পুলিশ সদস্যবৃন্দ অভিযান পরিচালনা ও আইন-শৃঙ্খলা রক্ষায় সহযোগিতা করেন। ব্যক্তির তথ্য নিম্নরূপ:

| ক্রমিক নং | ব্যক্তির নাম ও ঠিকানা | আর্থিক জরিমানার পরিমান |
|---|---|---|
| ০১ | জনাব মোঃ আশরাফ আলী<br>মিশন মোড়, সদর, লালমনিরহাট। | ১০,০০০/- (দশ হাজার) টাকা |

পরিবেশ অধিদপ্তর, লালমনিরহাট জেলা কার্যালয়ের পক্ষ থেকে এ ধরণের অভিযান অব্যহত থাকবে।

১৪/০৬/২০২৬

বিজন কুমার রায়
সহকারী পরিচালক
পরিবেশ অধিদপ্তর
লালমনিরহাট জেলা কার্যালয়, লালমনিরহাট
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার